

উত্তর ডেউয়াতলা

২০১৭ ৩১৭১  
২

# উত্তর ডেউয়াতলা সর. প্রা. বিদ্যালয় পরিত্যক্ত ভবনে মৃত্যু ঝুঁকিতে চার বছর ধরে পাঠদান

গণেশ পাল, মোরেলগঞ্জ (বাগেরহাট)

বাগেরহাটের মোরেলগঞ্জের ২৬নং উত্তর ডেউয়াতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিপজ্জনক ভবনে চলছে পাঠদান। ভবনটির ছাদের একটি বড় অংশ ২০০৯ সালে ধ্বংস পড়েছে। ২০১৩ ভবনটি পরিত্যক্ত ঘোষণা করেন কর্তৃপক্ষ। যে কোন সময় ছাদের অন্যান্য অংশসমূহ ভেঙ্গে পড়তে পারে জেনেও ওই ছাদের নীচেই চলছে পাঠদানসহ সকল দার্শনিক কাজকর্ম। এখানে প্রাক প্রাথমিক ও অফিসিয়াল কাজের জন্যও কোন আলাদা কক্ষ নেই। শ্রেণিকক্ষেই চলে অফিসিয়াল সকল কাজ। গত সোমবার জিউধরা ইউনিয়নের ওই বিদ্যালয়টির বেহাল অবস্থার খবর সংগ্রহের জন্য গেলে শিক্ষার্থীরা ছুটে আসেন সংবাদকর্মীদের কাছে। তারা বলেন, 'স্যার আমাদের এখানে লেখাপড়ার কোনই পরিবেশ নেই। নেই নিরাপত্তাও। আপনারা একটু ছবি তুলে নিয়ে যান'। বিদ্যালয়ের প্রধান শিক্ষক কৃষ্ণপদ মন্ডল জানান, ২০০৯

সালে ঘূর্ণিঝড় আয়লায় বিদ্যালয় ভবনের ব্যাপক ক্ষতি হয়। সিঁড়ি রুমের ছাদ ও ধ্বংস পড়েছে। গোটা ভবনই এখন বিপজ্জনক। এখানে শতাধিক শিক্ষার্থী রয়েছেন। শিক্ষক আছেন ৫জন। সকলেই বিপদের আশংকা করছেন। ২০১৩ সালে ভবনটি পরিত্যক্ত ঘোষণা করা

হলেও এ পর্যন্ত নতুন ভবন অনুমোদন পায়নি। বাশ ও টিন দিয়ে একটি বিকল্প কক্ষ তৈরি করা হলেও সেখানে বসার মতো কোন ব্যবস্থা নেই। মাঠেও গোটটা

মোরেলগঞ্জ

বছরজুড়ে থাকে পানি।

বিদ্যালয়ের সভাপতি ইউপি সদস্য আরিফুল কবির বাচ্চু জানান, ভবনের দুরাবস্থার কারণে শিক্ষার্থীর সংখ্যা কমে গেছে।

উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. আনিসুর রহমান জানান, বিদ্যালয়টির ভবনের জন্য একাধিকবার উর্ধ্বতন কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করা হয়েছে। হয়তো নতুন ভবনের অনুমোদন পাওয়া যাবে।